# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/মাধ্য/বিজ্ঞপ্তি-৬৩/৪১ তারিখ : ২৯-০৯-২০২৫ খ্রি.

বিষয় : **এসএসসি পরীক্ষায় বাংলা, আইসিটি এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন সংক্রান্ত**

সূত্র : **জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২২-০৯-২০২৫ তারিখের ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৩১ নং স্মারকপত্র।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রেরিত ২০২৬ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার নিয়মিত পরীক্ষার্থীদের বাংলা, আইসিটি এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন করা হয়েছে :

১। **বাংলা ২য় পত্র বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন সংক্রান্ত নির্দেশনাবলীর রচনামুলক অংশের অনুবাদের অংশটি বাদ দেওয়া হলো। অনুবাদের জন্য বরাদ্দকৃত ১০ নম্বর সংবাদ প্রতিবেদনের জন্য বরাদ্দ করা হলো।**

২। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন থেকে সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন বাদ দেওয়া হলো। সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের ১০ নম্বর পূর্বের বহুনির্বাচনি অংশের ১৫ নম্বরের সাথে যুক্ত করে মোট ২৫ নম্বর বহুনির্বাচনি প্রশ্নের জন্য বরাদ্দ করা হলো।**

৩। **ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ফিন্যান্স অংশ হতে ৮ টি এবং ব্যাংকিং অংশ হতে ৭ টিসহ মোট ১৫ টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন থাকবে। যে কোনো একটি বিভাগ থেকে ন্যূনতম ৪ টিসহ মোট ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।**

**বি. দ্র. : ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থীদের সিলেবাসের কোনো পরিবর্তন হবে না। পূর্বের সিলেবাস ও নম্বর বিভাজন অপরিবর্তীত থাকবে।**

**বিষয়টি অতীব জরুরি।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৯-০৯-২০২৫
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

জেলা প্রশাসক
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/
মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ ও মাগুরা জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল জেলা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
৩। প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, যশোর শিক্ষা বোর্ড।
৫। সংরক্ষিত নথি।